

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

শাখা-২।

বিজ্ঞপ্তি

নং- প্রকবৈকম-০২/০০০৪(৩)/২০০২(অংশ-৩)/৯১৮

তারিখ : ০৬/১১/২০০৮ খ্রিঃ।

**বিষয় : সিআইপি (এনআরবি) /২০০৯ নির্বাচনের জন্য দরখাস্ত আহ্বান।**

বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনাবাসী বাংলাদেশী)- ২০০৯ নির্বাচনের জন্য দরখাস্ত আহ্বান করা যাইতেছে।

১। সিআইপি (এনআরবি) শিল্প খাতে বিনিয়োগকারী নির্বাচনের ক্ষেত্রে নিববর্ণিত নির্ণায়কগুলি বিবেচনা করা হইবে, যথাঃ-

- (১) একটি ক্যালেন্ডার বৎসরের জন্য পূর্ববর্তী অর্থ বৎসরে অনাবাসী বাংলাদেশী কর্তৃক বাংলাদেশের শিল্পখাতে বিনিয়োগের পরিমাণ ;
- (২) শিল্পখাতে মূলধন হিসাবে ০৫ (পাঁচ) লক্ষ মার্কিন ডলার সমপরিমাণ বা তদুর্দ্ধ পরিমাণ বৈদেশিক মুদ্রা বিনিয়োগ ; এবং
- (৩) শিল্প প্রতিষ্ঠানটি বাস্তবায়নাধীন হইলে যন্ত্রপাতি প্রেরণের প্রমাণপত্র যেমন, বিল অব ল্যাডিং, বিল অব এন্ট্রি, লেটার অব ক্রেডিট ইত্যাদিতে উল্লেখিত বৈদেশিক মুদ্রার লেনদেনের পরিমাণ।

২। সিআইপি(এনআরবি) বৈদেশিক মুদ্রা প্রেরণকারী নির্বাচনের ক্ষেত্রে নিববর্ণিত নির্ণায়কগুলি বিবেচনা করা হইবে, যথাঃ-

- (১) একটি ক্যালেন্ডার বৎসরের জন্য পূর্ববর্তী অর্থ বৎসরে বাংলাদেশে বৈধ ব্যাংকিং চ্যানেলে একটি নির্দিষ্ট একাউন্টে প্রেরিত অপ্রত্যাভাসনযোগ্য বৈদেশিক মুদ্রার পরিমাণ ; এবং
- (২) অপ্রত্যাভাসনযোগ্য ন্যূনতম ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) মার্কিন ডলার সমপরিমাণ বৈদেশিক মুদ্রা বৈধ ব্যাংকিং চ্যানেলের মাধ্যমে বাংলাদেশে প্রেরণ।

৩। সিআইপি (এনআরবি) আমদানীকারক নির্বাচনের ক্ষেত্রে নিববর্ণিত নির্ণায়কগুলি বিবেচনা করা হইবে, যথাঃ-

- (১) একটি ক্যালেন্ডার বৎসরের জন্য পূর্ববর্তী অর্থ বৎসরে উক্ত অনাবাসী বাংলাদেশী কর্তৃক বাংলাদেশ হইতে কি পরিমাণ অর্থের পণ্য আমদানি করা হইয়াছে উহার পরিমাণ ;
- (২) বিবেচ্য বৎসরে ন্যূনতম ৫,০০,০০০ (পাঁচ) লক্ষ মার্কিন ডলার সমপরিমাণ বৈদেশিক মুদ্রার Free On Board (FOB) বাংলাদেশী পণ্য আমদানি করিতে হইবে ;
- (৩) পিআরসি ( Proceeds Realisation Certificate ) এর মাধ্যমে আমদানির পরিমাণ ; এবং
- (৪) অধিক মূল্য সংযোজন সম্পন্ন পণ্য ( Higher value added product ) ও পণ্য আমদানিকারককে অগ্রাধিকার প্রদান।

৪। প্রবাসী সম্বন্ধে সংশ্লিষ্ট দেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস/হাইকমিশনের মতামত।

৫। উপরে বর্ণিত সিআইপি (এনআরবি) শিল্পখাতে বিনিয়োগকারী/ বৈদেশিক মুদ্রা প্রেরণকারী/ আমাদানিকারক নির্বাচিত হইবার জন্য সংশ্লিষ্ট দেশের বাংলাদেশ মিশনের মতামতসহ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত ফরমে আবেদন করিতে হইবে। আবেদন পত্রের ফরম, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় ও জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে পাওয়া যাইবে। আগামী ০৭/১২/২০০৮ তারিখের মধ্যে নির্ধারিত ফরমে সিআইপি (এনআরবি) ২০০৯ নির্বাচনের জন্য আবেদনপত্র প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ে দাখিল করিতে হইবে। বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বিবেচনা করা হইবে না। আবেদনপত্রের ফরম [www.probashi.gov.bd](http://www.probashi.gov.bd) ও [www.bmet.org.bd](http://www.bmet.org.bd) হইতে ডাউনলোড করিয়া সংগ্রহ করা যাইবে। বিস্তারিত তথ্য উভয় ওয়েবসাইটে পাওয়া যাইবে।

স্বাক্ষরিত/

( মোহাম্মদ কেফায়েত উল্লাহ )

উপ সচিব(প্রশাসন)

ফোন-৭১৬৯৪০৩

নং- প্রকবৈকম-০২/০০০৪(৩)/২০০২(অংশ-৩)/

তারিখ : ০৬/১১/২০০৮ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইলঃ-

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়।
- ২। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক।
- ৩। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
- ৪। সচিব, ..... (সকল মন্ত্রণালয়/বিভাগ)।
- ৫। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা ( বিদেশস্থ বাংলাদেশ মিশন সমূহকে অবহিত করার অনুরোধসহ)
- ৬। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
- ৭। মান্যবর রাষ্ট্রদূত/হাইকমিশনার ..... বাংলাদেশ দূতাবাস/হাইকমিশন (সকল)।
- ৮। হিসাব মহা নিয়ন্ত্রক, বাংলাদেশ।
- ৯। মহা পরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ৮৯/২, কাকরাইল, ঢাকা।
- ১০। প্রধান তথ্য অফিসার, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১১। বিভাগীয় কমিশনার ..... (সকল)।
- ১২। সদস্য, নির্বাহী পরিষদ, বিনিয়োগ বোর্ড, ঢাকা।
- ১৩। জেলা প্রশাসক ..... (সকল)।
- ১৪। অধ্যক্ষ ..... টিটিসি (সকল)।
- ১৫। সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস ..... (সকল)।

( মোহাম্মদ কেফায়েত উল্লাহ )

উপ সচিব(প্রশাসন)

বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (সিআইপি) এনআরবি নির্বাচনের জন্য আবেদন।

পাসপোর্ট সাইজের ২  
(দুই) কপি ছবি  
(মিশন/নোটারী কর্তৃক  
সত্যায়িত)

- ১। আবেদনকারীর নাম (বাংলা ও ইংরেজী) :  
:
- ২। পিতার নাম/স্বামীর নাম(মহিলার ক্ষেত্রে)  
(বাংলা ও ইংরেজী) :  
:
- ৩। মাতার নাম (বাংলা ও ইংরেজী) :  
:
- ৪। বিদেশস্থ ঠিকানা :  
:
- ৫। বাংলাদেশের ঠিকানা :  
:
- ৬। পেশা :  
:
- ৭। শিক্ষাগত যোগ্যতা :  
:
- ৮। নাগরিকত্ব :  
:
- ৯। পাসপোর্ট নম্বর এবং প্রদানের তারিখ :  
:
- ১০। টিআইএন নম্বর :  
:
- ১১। কর অঞ্চলের নাম :  
:
- ১২। বয়স :  
:
- ১৩। বিদেশে অবস্থানকালীন সময় : .....বছর..... মাস
- ১৪। যে শ্রেণীর সি,আই,পি (এনআরবি) এর জন্য আবেদন করতে ইচ্ছুক
- ১৫। বিগত ২০০৭-২০০৮ অর্থ বছর বৈদেশিক মুদ্রা ব্যাংকিং চ্যানেলে প্রেরণের বিবরণঃ .....

ক্রমিক নং	প্রেরণের তারিখ	মুদ্রার নাম	পরিমাণ	যে ব্যাংক/এক্সচেঞ্জ ভাউচারের মাধ্যমে প্রেরিত হয়েছে তার নাম	বাংলাদেশ প্রাপ্ত যে ব্যাংক বৈদেশিক মুদ্রা প্রেরিত হয়েছে
(১)					
(২)					
(৩)					
(৪)					
(৫)					
মোট প্রেরিত বৈদেশিক মুদ্রা :					

১৬। বিগত ২০০৭-২০০৮ অর্থ বৎসরে শিল্পক্ষেত্রে বৈদেশিক মুদ্রা বিনিয়োগের ( Investment ) বিবরণঃ-

(ক) উক্ত অর্থ বৎসরে মোট বিনিয়োগের পরিমাণ :

মার্কিন ডলার	শিল্প প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা

(খ) ২০০৭-২০০৮ অর্থ বৎসরে বিনিয়োগকৃত বৈদেশিক মুদ্রার পরিমাণঃ

মার্কিন ডলার	শিল্প প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা

(গ) বিনিয়োগকৃত প্রতিষ্ঠানটি বাস্তবায়নাধীন কি-না -হ্যাঁ -না হ্যাঁ হলে :

মার্কিন ডলার	শিল্প প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা

১৭। বিগত ২০০৭-২০০৮ অর্থ বৎসরে Free On Board (FOB) বৈদেশিক মুদ্রার বাংলাদেশ থেকে বাংলাদেশী পণ্য আমদানির বিবরণ :-

(ক) আমদানির পরিমাণ (মার্কিন ডলারে) :

আমদানি পণ্যের পরিমাণ	আমাদানিকারী দেশের নাম	মোট মূল্য (মাঃ ডলারে)

(খ) পিআরসি ( Proceeds Realisation Certificate ) এর মাধ্যমে

আমদানি পণ্যের তালিকা	আমাদানিকারী দেশের নাম	মোট মূল্য (মাঃ ডলারে)

১৮। নিবর্ণিত বিষয়ে সঠিকভাবে ( ) চিহ্ন দিন

- |     |  |         |      |
|-----|--|---------|------|
| (ক) | কোন ব্যাংকের ঋণ খেলাপী হিসেবে            | (হ্যাঁ) | (না) |
|     | তালিকাভুক্ত কি-না                        |         |      |
| (খ) | কর খেলাপী কি-না                          | (হ্যাঁ) | (না) |
| (খ) | বিগত পাঁচ বছরে নৈতিক স্বলনজনিত কারণে     |         |      |
|     | অভিযুক্ত/দন্ডিত কি-না                    | (হ্যাঁ) | (না) |
| (গ) | বাংলাদেশ সি,আই,পি রপ্তানী/শিল্প হিসাবে   |         |      |
|     | নির্বাচিত হয়েছেন কি-না                  | (হ্যাঁ) | (না) |
| (ঘ) | মানি লন্ডারিং প্রতিরোধ ২০০২ আইনের আওতায় | (হ্যাঁ) | (না) |
|     | অভিযুক্ত/দন্ডিত কি-না, হ'লে কোন সালে     | .....   | সাল  |

১৯। আমি প্রত্যয়ন করিতেছি যে, উপরে প্রদত্ত সকল তথ্য নির্ভুল ও সঠিকভাবে দেয়া হয়েছে।

আবেদনকারীর স্বাক্ষর  
তারিখ স্থান

বিঃ দ্রঃ তথ্যাদির প্রয়োজনে অতিরিক্ত কাগজ সংযোজন করা যাবে।